গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.০০০০.০০২.৯৯.৯৭.১৫ (পার্ট-১). ৬০২ — তারিখ: ১০.০৩.২০২১ খ্রি.

**বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত ফেব্রুয়ারি-২০২১ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, বিষয়ভিত্তিক ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, দেশাত্নবোধক ও উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন করে থাকে। এ সকল কাজ বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য, অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের বার্তা প্রচার করে থাকে।

এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে ফেব্রুয়ারি-২০২১ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযোজনী: জনমত প্রতিবেদন এক প্রস্থ।

১০/০৩/২০২১

(বিধান চন্দ্র কর্মকার)
মহাপরিচালক
ফোনঃ ৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

# ফেব্রুয়ারি-২০২১ (২য় পক্ষ)

## জনমত শিরোনাম

- সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন ও ভাষার শুদ্ধতা রক্ষার আহ্বানের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত।
- কোভিড-১৯ টিকাদান কর্মসূচিতে জনসাধারণের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ বেড়েছে বলে জনমতে প্রকাশ।
- চাল ও ভোজ্যতেল এবং কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। বাজারে সবজির দাম কম থাকায় ভোক্তাসাধারণের সন্তোষ প্রকাশ। নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার তদারকির দাবি জানিয়েছেন জনসাধারণ।
- বোরো ধান ও রবি শস্যের ভরা মৌসুমে সেচ সুবিধাসহ কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।
- সড়ক দূর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ দেশবাসীর।
- আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। খাদ্যে ভেজাল প্রতিরোধে মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

(চলমান পাতা-২)

- সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন ও ভাষার শুদ্ধতা রক্ষার আহ্বানের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত।

অমর একুশের চেতনায় উজ্জীবিত হয়ে সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন ও ভাষার শুদ্ধতা রক্ষার আহ্বানের মধ্য দিয়ে ১৯৫২ সালে ভাষা আন্দোলনের স্মৃতিবহ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। গত ২১ ফেব্রুয়ারি জাতীয় শহীদ মিনারসহ সারাদেশে সর্বস্তরের মানুষ মাতৃভাষার মর্যাদা রক্ষায় অকুতোভয় ভাষা শহিদদের প্রতি পুস্পার্ঘ্য অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেছে বলে জনমতে প্রকাশ।

এদিকে মহান শহিদ দিবস উপলক্ষে দেশজুড়ে নানা আয়োজনে আপামর জনসাধারণের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয়েছে। বাঙালির প্রতিটি সংগ্রামের অনুপ্রেরণা ও চেতনা বিকাশের মূলমন্ত্র হিসাবে অমর একুশের অনুষ্ঠানে সর্বমহল মতামত প্রকাশ করেছে।

-কোভিড-১৯ টিকাদান কর্মসূচিতে জনসাধারণের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ বেড়েছে বলে জনমতে প্রকাশ।

শুরুতে টিকাদান কর্মসূচি নিয়ে জনমনে কিছুটা বিভ্রান্তি থাকলেও ক্রমেই তা কেটে গেছে। টিকাদান কর্মসূচিতে জনগণের স্বত:স্ফূর্ত অংশগ্রহণে সরকারের ভূমিকার প্রশংসা করেছেন বিভিন্ন মহল। তথ্য অফিসসমূহ টিকাদান কর্মসূচিতে জনগণকে সম্পৃক্ত করতে ব্যাপক প্রচার কার্যক্রম চলমান রেখেছে।

- চাল ও ভোজ্যতেল এবং কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। বাজারে সবজির দাম কম থাকায় ভোক্তাসাধারণের সন্তোষ প্রকাশ। নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার তদারকির দাবি জানিয়েছেন জনসাধারণ।

চাল ও ভোজ্যতেল এবং কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। তবে চাল, পিঁয়াজ, চিনি, রসুনসহ নিত্যপণ্যের বাজার নিয়মিত তদারকির ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল। এছাড়া লেবুর দুস্প্রাপ্যতা ও দাম নিয়ে জনমনে কিছুটা অসন্তোষ বিরাজ করছে।

এছাড়া, খুচরা ও পাইকারি বাজারে দ্রব্যমূল্যের বৃদ্ধির ক্ষেত্রে মধ্যস্বত্বভোগী এবং অসাধু চক্রের দৌরাত্ম্য কঠোর হস্তে দমনের দাবি জানিয়েছে ক্রেতাসাধারণ।

(চলমান পাতা-৩)

বোরো ধান ও রবি শস্যের ভরা মৌসুমে সেচ সুবিধাসহ কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

সারাদেশে বোরো ধান ও রবি শস্য আবাদের ভরা মৌসুম চলছে বলে জনমতে জানা গেছে। তবে, বিভিন্ন যোগাযোগ ব্যবস্থার প্রতিবন্ধকতার কারণে কৃষি উপকরণ সরবরাহ যাতে বাধাগ্রস্ত না-হয় সে ব্যাপারে কৃষকসমাজ সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে।

এদিকে, দেশের বিভিন্ন স্থানে বোরো ধান রোপনের কাজ শেষ হয়েছে বলে জনমত প্রতিক্রিয়া জানা গেছে। গ্রীষ্ম মৌসুমকে সামনে রেখে বোরো ধানের বাম্পার ফলন নিশ্চিতকরণের লক্ষ্যে সেচসুবিধার জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ওপর জোর দিয়েছে বিশেষজ্ঞ মহল।

- সড়ক দূর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ দেশবাসীর।

সড়কে বিশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও দূর্ঘটনা প্রতিরোধে ঢাকাসহ সারাদেশে গণপরিবহন সুশৃঙ্খলভাবে নিয়ন্ত্রণ করা প্রয়োজন। এক্ষেত্রে বাংলাদেশ পুলিশ, গণপরিবহন মালিক সমিতি এবং শ্রমিক ফেডারেশনের সহায়তামূলক সমন্বিত উদ্যোগ প্রয়োজন। ঢাকা মহানগরীর যানজট নিরসনে যথাযথ কর্তৃপক্ষের জোরালো পদক্ষেপ কামনা নগরবাসীর।

-আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার, ভেজাল ও বিষাক্ত মদ তৈরিরোধে কর্তৃপক্ষের মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

বিচ্ছিন্ন কিছু ঘটনা ছাড়া সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক আছে বলে জনমত প্রতিক্রিয়ায় জানা গেছে। মাদকদ্রব্যের অপব্যবহার, ভেজাল ও বিষাক্ত মদ তৈরিরোধে পুলিশ প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। ভেজাল মদের কারখানা ধ্বংস করা এবং এ গর্হিত কাজের সাথে সংশ্লিষ্টদের বিরুদ্ধে পুলিশ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহায়তা সন্তোষজনক। ভেজাল মদ এবং ইয়াবাসহ জীবনঘাতী মাদকের বিরুদ্ধে অভিযান আরো জোরদারকরণে সচেতন মহলের আহ্বান। কিশোর/কিশোরীদের মাদক থেকে দূরে রাখতে পরিবারের পাশাপাশি সরকারের হস্তক্ষেপ কামনা বিশেষজ্ঞদের। তথ্য অফিসসমূহ মাদক বিরোধী বিভিন্ন সচেতনতামূলক প্রচার কার্যক্রম বাস্তবায়ন করছে।

মনিরুজ্জামান/খালিদ /মেহেদী/জসিম